

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪১২

আগরতলা, ৩০ ডিসেম্বর, ২০২৩

আগরতলা পুরনিগম আয়োজিত শারদ সম্মান প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী
নেশার বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলতে ক্লাবগুলিতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে

সুস্থ পরিবেশ এবং শান্তি, সম্প্রীতি অঙ্গুল থাকলে সব কাজই ভালভাবে করা যায়। রাজ্যের ক্লাবগুলি স্থানীয়ভাবে বিভিন্ন সমস্যার সমাধান করছে। ক্লাবের দায়িত্ব অনেক। রাজ্য সরকারও ক্লাবগুলিকে সামনে রেখে কাজ করতে চায়। সমাজকে সুস্থ ও সুন্দর রাখতে নেশার বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলতে ক্লাবগুলিতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে। আজ সন্ধ্যায় রবিন্দ্র শতবার্ষিকী ভবনে আগরতলা পুরনিগম আয়োজিত শারদ সম্মান প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিজয়ী ক্লাবগুলিকে শুভেচ্ছা জানিয়ে আশা প্রকাশ করেন আগামী দিনে এই ক্লাবগুলি আরও ভালভাবে শারদ উৎসবের আয়োজন করবে। আগরতলা পুরনিগমের উদ্যোগে এদিন আগরতলা পুরনিগম এলাকার ২১টি ক্লাবকে বিভিন্ন বিভাগে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, সমাজসেবী রাজীব ভট্টাচার্য। অনুষ্ঠানে অতিথিগণ ক্লাবগুলির প্রতিনিধিদের হাতে পুরস্কার তুলে দেন।

অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, যেকোন ধর্মের উৎসবেই আমরা সবাই মেটে উঠিব। এর মধ্য দিয়ে দেশের বৈচিত্রের মধ্যে ঐক্যের ছবিই ফুটে উঠে। তিনি বলেন, জনপ্রতিনিধি ও রাজ্য প্রশাসনের যৌথ প্রয়াসে শারদ উৎসব এবার শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়েছে। বিভিন্ন ক্লাব এই কাজে সহায়তা করেছে। এজন্য তিনি ক্লাব কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার বলেন, এবার জনগণ শান্তিপূর্ণভাবে সারারাতব্যাপী শারদ উৎসব উপভোগ করেছেন। কোন ধরণের অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এটা রাজ্য সরকারেরই কৃতিত্ব। ক্লাবগুলিও এই কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে। তিনি জানান, এবার বিভিন্ন ক্ষেত্রে আগরতলা পুরনিগম এলাকার ২১টি ক্লাবকে পুরস্কৃত করা হচ্ছে। যেসব ক্লাব পুরস্কৃত হয়েছে তাদের তিনি অভিনন্দন জানান। সম্পূর্ণ পুরনিগম এলাকার সেরার সেরা পুরস্কার দেওয়া হয়েছে সেরা প্রতিমা, সেরা মন্ত্র, সেরা আলোকসজ্জা, সেরা থিম ও মহিলাদের দ্বারা আয়োজিত সেরা দুর্গাপূজা ক্যাটাগরিতে। তাছাড়া পুরনিগম এলাকার বিভিন্ন জোনেও সেরা প্রতিমা, সেরা মন্ত্র, সেরা আলোকসজ্জা ও সেরা থিম ক্যাটাগরিতে পুরস্কার দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আগরতলা পুরনিগমের মিউনিসিপ্যাল কমিশনার মহাম্মদ সাজ্জাদ পি। অনুষ্ঠান মধ্যে আগরতলা পুরনিগমের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা ও সমাজসেবী রাজীব ভট্টাচার্যকে শুভেচ্ছা স্মারক তুলে দেন মেয়র দীপক মজুমদার। শারদ সম্মান ২০২৩ এর বিচারক মন্ডলীকেও আগরতলা পুরনিগমের পক্ষ থেকে স্মারক উপহার দিয়ে সম্মানিত করা হয়। তাছাড়া অনুষ্ঠানে স্বচ্ছতা সম্পাদনে বিশেষ অবদানের জন্য পুরনিগম এলাকার ৪টি ওয়ার্ডকে স্বচ্ছতা পুরস্কার দেওয়া হয়। দক্ষিণ জোনের ৩৭নং ওয়ার্ডকে স্বচ্ছতার জন্য সেরার সেরা পুরস্কার দেওয়া হয়। মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ ওয়ার্ডের কর্পোরেটার ও ওয়ার্ড সচিবদের হাতে পুরস্কার তুলে দেন।
